

সিনিয়র রিপোর্টার | সিলেট | 26 May, 2025

দুর্নীতির অভিযোগ থাকায় হবিগঞ্জ-০৪ আসনের সাবেক সংসদ সদস্য ব্যারিস্টার সায়েদুল হক সুমন এবং তার স্ত্রী ছান্মী আক্তারের বিদেশ গমনে নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত।

সোমবার (২৬ মে) ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ জাকির হোসেন গালিব দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন। দুদকের জনসংযোগ কর্মকর্তা আকতারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

এদিন দুদকের পক্ষে সংস্থার উপপরিচালক এ কে এম মাহবুবুর রহমান তাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে আবেদন করেন।

আবেদনে বলা হয়, ব্যারিস্টার সুমনের বিরুদ্ধে জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগের অনুসন্ধান চলছে। গোপন ও বিশ্বস্ত সূত্রে জানা যায়, ব্যারিস্টার সুমন দেশ ছেড়ে পলায়ন করে তাদের স্থাবর-অস্থাবর সম্পদ হস্তান্তর করার চেষ্টা করছেন মর্মে অনুসন্ধানকালে বিশ্বস্ত সূত্রে জানা যায়। তিনি বিদেশে পালিয়ে গেলে অনুসন্ধান কাজ ব্যাহত হওয়ার সম্ভবনা রয়েছে। তার বিদেশ গমন নিষেধাজ্ঞা প্রদান করা একান্ত প্রয়োজন।

গত বছরের ২১ অক্টোবর মধ্যরাতে ঢাকার মিরপুর-৬ থেকে সুমনকে গ্রেপ্তার করা হয়। পরদিন তাকে বৈষম্যবিরোধী আন্দোলন কেন্দ্রিক মামলায় পাঁচ দিনের রিমাণ্ডে নেওয়া হয়। ২৮ অক্টোবর রিমাণ্ড শেষে তাকে কারাগারে পাঠানো হয়। এরপর তাকে আরও কয়েকটি মামলায় গ্রেপ্তার দেখানো হয়। বর্তমানে তিনি কারাগারে আছেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:35

URL: <https://www.timestodaybd.com/public/sylhet/2965526097>